

“দক্ষ যুব সমৃদ্ধ দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬-১২২

তারিখ : ১৪/০৬/২০২৩

“ভর্তি বিজ্ঞপ্তি”

১৮-৩৫ বছর বয়সী বেকার যুব/যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনা এর আওতাধীন যুব প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক নিম্নলিখিত আবাসিক প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে বেকার যুব ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্র	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
১	গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি	৮ম শ্রেণী পাশ	০৩ (তিন) মাস আবাসিক	৬০	১২/০৭/২০২৩	১৩/০৭/২০২৩	১৬/০৭/২০২৩

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- ক) প্রার্থীকে অবশ্যই ১৮-৩৫ বছরের বেকার যুবক / যুবনারী হতে হবে এবং তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- খ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- গ) নির্ধারিত ফরমে আবেদন করতে হবেঃ (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র(NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেলা/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ(যদি থাকে) (১৫) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- ঘ) আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত(রংগিন) ছবি আবেদনের সাথে জমা দিতে হবে।
- ঙ) প্রশিক্ষণ বিজ্ঞপ্তি ও আবেদনপত্র যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনা এর ওয়েব এ্যাড্রেস <https://ytc.khulna.gov.bd/> লিংকে পাওয়া যাবে।
- চ) আবেদনপত্র অবশ্যই NiSE³ সফটওয়্যারের মাধ্যমে শুধু মাত্র অনলাইনে ওয়েব এ্যাড্রেস <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে দাখিল করতে হবে। যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনা।
- ছ) যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনায় অনুষ্ঠিতব্য নির্বাচনী পরীক্ষার জন্য প্রার্থীকে উল্লেখিত তারিখে সকাল ৯-৩০ ঘটিকায় হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না ও তজ্জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না
- জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ঝ) প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ঞ) ভর্তি ও ক্লাস শুরুর এ সংক্রান্ত যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ট) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং বিশেষ চাহিদাসম্পন্ন / অটিস্টিক ও হিজড়া জনগোষ্ঠীর জন্য ৫% কোটা সংরক্ষণসহ অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ঠ) প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ড) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no/ই-মেইল আইডি দিতে হবে।
- ঢ) ভর্তির সময় ভর্তি ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে।
- ণ) কোর্সটি আবাসিক বিধায় হোস্টেলে বসবাস করার জন্য নিজেদের নিত্য ব্যবহার্য দ্রব্যাদি সঙ্গে আনতে হবে এবং দৈনিক উপস্থিতির ভিত্তিতে প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রতি মাসে জনপ্রতি ৪৫০০/- টাকা প্রশিক্ষণ ভাতা বরাদ্দ রয়েছে যা দিয়ে প্রতিদিনের সুমম খাবার ব্যবস্থা করা হবে।

মোঃ মোস্তাক উদ্দীন
উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা

E-mail: ddkhulna@dyd.gov.bd

ফোন-০২-৪৪১১০৯৪৭

২৪/৬/২৩